গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা

**প্রজ্ঞাপন**

নং-০৭.০০.০০০০.০০০.১৭১.১৩.০০১৯.২৬-৮৫

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

সরকারি কর্মচারীগণের অবসরকালীন সুবিধাদি/প্রাপ্যতা নিম্নরূপভাবে নির্ধারণ/পুনর্নির্ধারণ করা হয়েছে:

**(ক) পেনশনযোগ্য চাকরিকাল এবং পেনশনের পরিমাণ**

পেনশনযোগ্য চাকরিকাল বর্তমানে প্রচলিত ০৫-২৫ বছর এবং গ্রস পেনশন নির্ধারণের হার সর্বশেষ আহরিত মূল বেতনের ২১%-৯০% অপরিবর্তিত রাখা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে গ্রস পেনশন নির্ধারণের হার নিম্নরূপ:

**গ্রস পেনশন নির্ধারণ টেবিল**

| পেনশনযোগ্য চাকরিকাল | গ্রস পেনশন নির্ধারণের হার |
|---|---|
| ৫ বছর | ২১% |
| ৬ বছর | ২৪% |
| ৭ বছর | ২৭% |
| ৮ বছর | ৩০% |
| ৯ বছর | ৩৩% |
| ১০ বছর | ৩৬% |
| ১১ বছর | ৩৯% |
| ১২ বছর | ৪৩% |
| ১৩ বছর | ৪৭% |
| ১৪ বছর | ৫১% |
| ১৫ বছর | ৫৪% |
| ১৬ বছর | ৫৭% |
| ১৭ বছর | ৬৩% |
| ১৮ বছর | ৬৫% |
| ১৯ বছর | ৬৯% |
| ২০ বছর | ৭২% |
| ২১ বছর | ৭৫% |
| ২২ বছর | ৭৯% |
| ২৩ বছর | ৮৩% |
| ২৪ বছর | ৮৭% |
| ২৫ বছর এবং তদূর্ধ্ব | ৯০% |

**নোট:** ৫-২৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন কেবল নিম্নোক্ত ক্ষেত্রে প্রাপ্য হবেন:

(১) বিএসআর পার্ট-১ এর বিধি-৩৩৭ ও ৩৩৮ অনুযায়ী যে কোন পেনশনযোগ্য চাকরির নিয়মিত অবসানে;

(২) একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করলে কিংবা বিএসআর পার্ট-১ এর বিধি-৩২১ অনুযায়ী সরকার কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে;

(৩) বিএসআর পার্ট-১ এর বিধি-৩০৮ অনুযায়ী স্থায়ীপদ বিলুপ্তির কারণে ছাঁটাই করা হলে এবং অন্য কোন পদে আত্মীকরণ না হলে ক্ষতিপূরণ পেনশন প্রদানের ক্ষেত্রে; এবং

(৪) সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৫১ ধারার বিধান অনুসরণক্রমে কোন কর্মচারীর বিরুদ্ধে অবসরগ্রহণের সময় বা, ক্ষেত্রমত, চাকরির অবসান হওয়ার সময় সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কোন বিচারিক বা বিভাগীয় কার্যক্রম নিষ্পন্ন হওয়ার পর তাকে পেনশন ও অন্যান্য অবসর সুবিধাদি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলে।

**(খ) অবসরভোগীদের নিট পেনশন নির্ধারণ:**

মূল পেনশনভোগীর প্রাপ্ত নিট পেনশনকে ভিত্তি ধরে ২০২৬-২৭ অর্থবছর থেকে মূল পেনশনভোগীদের নিট পেনশন নিম্নোক্ত সারণি অনুযায়ী সর্বোচ্চ ও সর্বনিম্ন সীমাসহ নির্ধারিত হবে:

| ৩০ জুন ২০২৬ তারিখে প্রাপ্ত নিট পেনশন (মূল পেনশনভোগীর জন্য) | নিট পেনশন বৃদ্ধির হার (মূল পেনশনভোগীর জন্য) | ন্যূনতম নিট পেনশন (মূল পেনশনভোগীর জন্য) | সর্বোচ্চ নিট পেনশন (মূল পেনশনভোগীর জন্য) |
|---|---|---|---|
| সর্বনিম্ন-৯,০০০ টাকা | ১০০% | ১০,০০০ টাকা | ১৮,০০০ টাকা |
| ৯,০০১-২০,০০০ টাকা | ৭৫% | ১৮,০০১ টাকা | ৩৫,০০০ টাকা |
| ২০,০০১-৩০,০০০ টাকা | ৬৫% | ৩৫,০০১ টাকা | ৪৯,০০০ টাকা |
| ৩০.০০১-৪০,০০০ টাকা | ৬০% | ৪৯,০০১ টাকা | ৬২,০০০ টাকা |
| ৪০,০০১ ও তদূর্ধ্ব | ৫৫% | ৬২,০০১ টাকা | ৭০,২০০ টাকা |

তবে শর্ত থাকে যে, যে সকল ক্ষেত্রে বিদ্যমান পেনশনভোগী ইতোমধ্যে ৭০,২০০ টাকার অতিরিক্ত নিট পেনশন উত্তোলন করছেন, সেক্ষেত্রে তিনি পরবর্তী বার্ষিক বৃদ্ধি (Increment)-এর (১ জুলাই ২০২৭) পূর্ব পর্যন্ত বিদ্যমান নিট পেনশনই পাবেন।

**(গ) আনুতোষিকের হার:**

নিম্নোক্ত ছক অনুযায়ী আনুতোষিকের বিদ্যমান হার অপরিবর্তিত থাকবে:

**আনুতোষিক টেবিল**

| ক্রমিক নম্বর | পেনশনযোগ্য চাকরিকাল | আনুতোষিকের হার (প্রতি টাকায়) |
|---|---|---|
| ১ | ৫ বছর বা তদূর্ধ্ব কিন্তু ১০ বছরের কম | ২৬৫/- |
| ২ | ১০ বছর বা তদূর্ধ্ব কিন্তু ১৫ বছরের কম | ২৬০/- |
| ৩ | ১৫ বছর বা তদূর্ধ্ব কিন্তু ২০ বছরের কম | ২৪৫/- |
| ৪ | ২০ বছর বা তদূর্ধ্ব | ২৩০/- |

**(ঘ) চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়া অথবা চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে মৃত্যুবরণকারী কর্মচারীকে/পরিবারকে এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রদান:**

একজন সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি তিনি স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়েন অথবা তার মৃত্যু হয়, সেক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ১৯৭৭ তারিখের এম.এফ.(আই.ডি)-১-২/৭৭-৮৫৬ নম্বর অফিস স্মারকের ক্রমধারায় চাকরির মেয়াদের প্রতি বছর কিংবা তার অংশ বিশেষের জন্য তার শেষ আহরিত ৩(তিন)টি মূল বেতনের সমপরিমাণ হারে তিনি অথবা তার পরিবার এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্ত হবেন;

**(ঙ) পেনশনারের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামীর আজীবন পেনশন প্রাপ্যতা:**

বর্তমানে প্রচলিত বিধান মতে মৃত কর্মচারীর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী পুনর্বিবাহ না করার শর্তে আজীবন পারিবারিক পেনশন পেয়ে থাকেন। এক্ষেত্রে পারিবারিক পেনশন ভোগকালীন পুনর্বিবাহ করেননি মর্মে বছরে একবার অঙ্গীকার-নামা বা প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিল করবেন। তবে, বিধবা স্ত্রীর পুনর্বিবাহ না করার অঙ্গীকার-নামা বা প্রত্যয়নপত্র দাখিলের শর্ত ৫০ বছরের উর্ধ্ব বয়সী বিধবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না; এবং

**(চ) ছুটি নগদায়ন:**

অবসরকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্ত হবেন। অবসর-উত্তর ছুটি (PRL) এবং ছুটি নগদায়নের ক্ষেত্রে ০২ (দুই) দিনের অর্ধগড় বেতনের ছুটিকে ০১ (এক) দিনের গড় বেতনে ছুটিতে রূপান্তর (Conversion) করা যাবে। অবসরকালীন মূলবেতনের ভিত্তিতে উক্ত নগদায়ন সুবিধা অবসর-উত্তর ছুটির শুরুতে প্রাপ্য। অবসর-উত্তর ছুটি ভোগ না করলেও এ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

০২। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধান, আদেশ, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি উপর্যুক্ত মর্মে পরিবর্তিত/সংশোধিত হয়েছে মর্মে গণ্য হবে। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ অনুযায়ী পেনশনভোগীগণের নিট পেনশনের প্রাপ্যতা কার্যকর হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে। উক্ত তারিখ থেকে পিআরএল ভোগরত কর্মচারীগণও উক্ত পুনর্নির্ধারিত সুবিধাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-

**(ড. মোঃ ফেরদৌস আলম)**
যুগ্মসচিব
ইমেইল: afardous@finance.gov.bd

নং-০৭.০০.০০০০.০০০.১৭১.১৩.০০১৯.২৬-৮৫

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩
০২ সেপ্টেম্বর ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব---------------------------------------সকল মন্ত্রণালয়/বিভাগ। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৬। বিভাগীয় কমিশনার----------------------------(সকল)। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।

৭। পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ ও গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের জন্য অনুরোধসহ)।

৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক------------------------------- (সকল)। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা------------------------------------ (সকল)।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ। (প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। মাননীয় উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা)-অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়-এর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৪। অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ-------------------------(সকল)।

(মোহাম্মদ নাহিদুল করিম) ০২।০৭।২৬
সিনিয়র সহকারী সচিব